



# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১৮৬৫


তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী অধ্যাপক: গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল - ২০১৫ ১০টি স্থায়ী পদ দর্শন বিভাগ (০১টি), কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং বিভাগ (২টি), ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ (০১টি), পরিসংখ্যান বিভাগ (০১টি), একাউন্টিং এবং ইনফরমেশন সিস্টেম বিভাগ (০১টি), মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ (০১টি), কোস্টাল স্টাডিজ এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (০১টি), প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগ (০১টি), আইন বিভাগ (০১টি)	সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যেকোন ১টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। তবে কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং বিভাগে সিজিপিএ ৩.৫০ প্রাপ্ত প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সিজিপিএ ৩.৪৫ প্রাপ্ত যোগ্য আবেদনকারীকে বিবেচনা করা যেতে পারে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্নাল/ বই-এ কমপক্ষে ১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।
২.	প্রভাষক: গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল- ২০১৫ ৭টি স্থায়ী পদ পদার্থবিজ্ঞান বিভাগ (০১টি), ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ (০১টি), পরিসংখ্যান বিভাগ (০১টি), উদ্ভিদবিজ্ঞান বিভাগ (০২টি), আইন বিভাগ (০২টি)	প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যেকোন ১টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। উচ্চতর ডিগ্রিদারী প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/এইচএসসি/স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর যে কোন একটিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

### শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম <a href="http://www.bu.ac.bd">www.bu.ac.bd</a> থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকালী, বরিশাল সদর, বরিশাল থেকে ফরম প্রতি ৫০/- (পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড-৬ ও গ্রেড-৯ পদের জন্য ০৮(আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদন পৌছানোর সময়সীমা ২৩/০৯/২০২০ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ািলিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ািলিপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ছায়ািলিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	আবেদনপত্রের সঙ্গে “রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়”, সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাত্নায়ত্ত ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড-৬ এর জন্য ১৫০০/- টাকা ও গ্রেড-৯ এর জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার থেকে ফিটনেস সার্টিফিকেট সংগ্রহপূর্বক যোগদান করতে হবে।

  
১১/৯/২০২০

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)